

🔳 আন-নামাল | An-Naml | ٱلنَّمْل

আয়াতঃ ২৭: ৫০

💵 আরবি মূল আয়াত:

وَ مَكَرُوا مَكرًا قَ مَكَرِنَا مَكرًا قَ هُم لَا يَشْعُرُونَ ﴿٥٠﴾

🗚 অনুবাদসমূহ:

আর তারা এক চক্রান্ত করল এবং আমিও কৌশল অবলম্বন করলাম। অথচ তারা উপলদ্ধিও করতে পারল না। — আল-বায়ান

তারা এক চক্রান্ত করেছিল আর আমিও এক কৌশল অবলম্বন করেছিলাম, কিন্তু তারা বুঝতে পারেনি। — তাইসিক্রল

তারা এক চক্রান্ত করেছিল এবং আমিও এক কৌশল অবলম্বন করলাম, কিন্তু তারা বুঝতে পারেনি। — মুজিবুর রহমান

And they planned a plan, and We planned a plan, while they perceived not.

— Sahih International

৫০. আর তারা এক চক্রান্ত করেছিল এবং আমরাও এক কৌশল অবলম্বন করলাম, অথচ তারা উপলব্ধিও করতে পারেনি।(১)

(১) অর্থাৎ তারা নিজেদের স্থিরীকৃত সময়ে সালেহের উপর নৈশ আক্রমণ করার পূর্বেই আল্লাহ তাঁর আযাব নাযিল করলেন এবং এর ফলে কেবলমাত্র তারা নিজেরাই নয় বরং তাদের সমগ্র সম্প্রদায় ধ্বংস হয়ে গেলো। মনে হয়, উটনীর পায়ের রাগ কেটে ফেলার পর তারা এ চক্রান্তটি করেছিল। সূরা হূদে বলা হয়েছে, যখন তারা উটনীকে মেরে ফেললো তখন সালেহ তাদেরকে নোটিশ দিলেন। তাদেরকে বললেন, ব্যস। আর মাত্র তিন দিন ফুর্তি করে নাও তারপর তোমাদের উপর আযাব এসে যাবে একথায় সম্ভবত তারা চিন্তা করেছিল, সালেহ আলাইহিস সালামের কথিত আযাব আসুক বা না আসুক আমরা উটনীর সাথে তারও বা দফা রফা করে দিই না কেন। কাজেই খুব সম্ভবত নৈশ আক্রমণ করার জন্য তারা সেই রাতটিই বেছে নেয়, যে রাতে আযাব আসার কথা ছিল এবং সালেহের গায়ে হাত দেবার আগেই আল্লাহর জবরদস্ত হাত তাদেরকে পাকড়াও করে ফেললো। [বিস্তারিত দেখুন: কুরতুবী; ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- (৫o) ওরা চক্রান্ত করেছিল[1] এবং আমিও চক্রান্ত করলাম, [2] কিন্তু ওরা বুঝতে পারেনি। [3]
 - [1] তাদের এটিই ছিল চক্রান্ত। তারা আপোসে শপথ গ্রহণ করল যে, রাত্রের অন্ধকারে হত্যার পরিকল্পনা



বাস্তবায়িত করব। আর তিন দিন পূর্ণ হবার আগেই সালেহ ও তাঁর পরিবারকে শেষ করে দেব।

- [2] অর্থাৎ, আমি তাদেরকে তাদের ঐ ষড়যন্ত্রের বদলা দিলাম এবং তাদেরকে ধ্বংস করলাম। 'আমিও চক্রান্ত করলাম' কর্মের অনুরূপ শাস্তিদানের নীতি হিসাবে বলা হয়েছে।
- [3] অর্থাৎ, আল্লাহর ঐ চক্রান্তকে তারা বুঝতেই পারেনি।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=3209

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন